বাংলাদেশ কৃষি ব্যাংক
**শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ**
প্রধান কার্যালয়,কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা,ঢাকা-১০০০

ফোনঃ ৯৫৭৪০২৫
৯৫৬০০৩১-৩৫
ইমেইলঃ dgmbcbd@krishibank.org.bd

নং নং-প্রকা/শানিব্যউবি-১(২৭)/২০১৬-২০১৭/৩৪০ (১২৫০) তারিখঃ ২৭.০৯.২০১৬

ই-মেইলযোগে

০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক,বিভাগীয় কার্যালয়
০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
০৩। উপ মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
০৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়
০৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক-এর মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্রের অবৈধ দখলদার ও অপসারিত চেয়ারম্যান কাজী ফারুক আহম্মদ-এর সাথে প্রশিকা বা প্রশিকার কোন সহযোগী সংস্থার সাথে কোন ধরনের আর্থিক চুক্তি বা লেনদেন না করার অনুরোধ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপরোক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্রের ০৭.০৮.২০১৬ তারিখের পত্র নং প্রশিকা/কৃষি ব্যাংক/২০১৬/০১ মূলে জানা যায় যে,বিগত ২৪.০৫.২০০৯ তারিখে উক্ত প্রতিষ্ঠানের গভার্নিং বডির সংখ্যা-গরিষ্ঠ সদস্যের মতামতের ভিত্তিতে প্রতিষ্ঠানের চেয়ারম্যান পদ হতে জনাব কাজী ফারুক আহম্মদকে অপসারণ করা হয়।

০৩। উপরোক্ত বক্তব্যের সমর্থনে প্রতিষ্ঠানটির পক্ষ হতে তাঁদের ১০৫তম গর্ভানিং বডির কার্যবিবরনী, সহকারী জজ আদালতের রায়ের কপি,জেলা জজ আদালতের রায়ের কপি,মাননীয় সুপ্রীম কোর্টের রায়ের কপি,পিকেএসএফ-এর নোটিশ, ২৯ জুলাই২০১৬ দৈনিক ইত্তেফাক; এবং ২৬ জানুয়ারি২০১৬ তারিখের চট্টগ্রাম হতে প্রকাশিত দৈনিক আজাদী পত্রিকায় প্রকাশিত আইনগত বিজ্ঞপ্তি-র অনুলিপি দাখিল করা হয়েছে।

০৪। অনুচ্ছেদ ০২এ বর্ণিত পত্রের মাধ্যমে আরো জানানো হয় যে,জনাব কাজী ফারুক আহম্মদ প্রশিকার বৈধ কর্তৃপক্ষ নয়।প্রশিকা পরিচালনা বা কোন প্রতিষ্ঠানের সঙ্গে তার কোন ধরনের চুক্তিবদ্ধ হওয়ার সুযোগ নেই। কোন প্রতিষ্ঠান তাঁর সাথে কোন ধরনের চুক্তি করলে তা আইনত সম্পূর্ণ অবৈধ হবে। প্রশিকার সম্পদ বন্ধক রেখে কোন প্রতিষ্ঠান ঋণ প্রদান করলে তা অবশ্যই ঝুঁকিপূর্ণ হবে।

০৫। এ ব্যাপারে প্রধান কার্যালয়ের আইন বিভাগে মতামত দানের জন্য নথি প্রেরণ করা হলে বিজ্ঞ আইন উপদেষ্টা নিম্নরূপ মতামত প্রদান করেনঃ-

নেথি নোট নং ১১৯ বর্ণিত বিষয়ে মতামত প্রদানের জন্য গ্রহন করা হইল। নোট নং ১১৬ হইতে ১১৯ এবং উক্ত নোটসমূহ বর্নিত নথিস্থ পত্রাদিসহ পতাক"ক" চিহ্নিত পত্রের সংযুক্তিসমূহ দেখিলাম।) প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্রের চেয়ারম্যান হিসাবে জনাব কাজী ফারুক আহম্মদ বা তাঁর মনোনীত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের সাথে কোন ধরনের আর্থিক চুক্তিপত্র বা কোন লেনদেন করার ক্ষেত্রে মাননীয় হাইকোর্ট বিভাগের সিভিল রিভিশন নং ২৩২৩/২০০৯ এ মাননীয় হাইকোর্ট বিভাগ প্রদত্ত বিগত ১১.০৮.২০০৯ই তারিখের রায় এবং উক্ত রায় হইতে উদ্ভুত Civil petition for leave to appeal No 1697/2009 এ মাননীয় বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগ প্রদত্ত বিগত ০৮.০৮.১০ ইং তারিখের রায় বিবেচনায় সমীচিন হইবে না। তাহাছাড়াও ১১৯ নং নোটে বর্ণিত মতে নির্দেশনা জারীর ক্ষেত্রে সহকারী জজ প্রথম আদালত ঢাকাতে বিচারাধীন Title suit No 302/2009 বিচার নিঃস্পত্তির বিষয়টি বিবেচনাযোগ্য হইবে। চাহিত বিষয়ে উপরি উক্ত মতামতাদি প্রদান করা হইল।

০৬। এমতাবস্থায়, বিজ্ঞ আইন উপদেষ্টার উপরোক্ত মতামতের আলোকে প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্রের চেয়ারম্যান হিসাবে জনাব কাজী ফারুক আহম্মদ বা তাঁর মনোনীত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের সাথে কোন ধরনের আর্থিক চুক্তি বা কোন লেনদেন সংক্রান্ত নথি উপস্থাপনের ক্ষেত্রে বিবেচনা প্রসূত সিদ্ধান্ত গ্রহনের জন্য পরামর্শ প্রদান করা হলো।

অনুমোদনক্রমে-

২৭।০৯।১৬
(এ,আর,মামুন)
উপমহাব্যবস্থাপক

নং-প্রকা/শানিব্যউবি-১(২৭)/২০১৬-২০১৭/৩৪০ (১২৫০) তারিখঃ ২৭.০৯.২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়দ্বয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক/অধ্যক্ষ মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৫। সকল উপ-মহব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। -তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৭। নথি/মহানথি।

(মোঃ শাহজাহান আলী সিরাজী)
সহকারী মহাব্যবস্থাপক